বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোন ঃ ৯৫৭৬৬৫৩
৯৫৬০০২১- ৩৩৫
ই-মেইল : bkbit_atm@krishibank.org.bd
ওয়েবসাইট: www.krishibank.org.bd

পরিপত্র নং- আইসিটি মহাবিভাগ-০২/২০১৮ তারিখ ঃ ২২-০৪-২০১৮

## অনলাইন শাখাসমূহের গ্রাহকদেরকে SMS সার্ভিস প্রদান এবং SMS Transaction চার্জ কর্তন সংক্রান্ত নীতিমালা

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ তথা আধুনিক ব্যাংকিং সুযোগ সুবিধা গ্রাহকদের দোড়গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত অন্যান্য বাণিজ্যিক ব্যাংক ও বেসরকারী ব্যাংকসমূহের সাথে তাল মিলিয়ে CBS (Core Banking Solution) ভুক্ত শাখাসমূহের গ্রাহক, ATM এবং POS ব্যবহারকারী গ্রাহকদের লেনদেন সংক্রান্ত তথ্য (Transaction Notification) স্বয়ংক্রিয়ভাবে SMS প্রদানের মাধ্যমে অবহিত করার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকে SMS Service চালু করা হয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংকের গ্রাহকগণ এ সেবা গ্রহণ করার মাধ্যমে ঘরে বসে বা যে কোন স্থান থেকে স্ব স্ব হিসাবের লেনদেনের তথ্য পাবেন এবং গ্রাহক ব্যতীত অন্য কেউ জালজালিয়াতির মাধ্যমে লেনদেন করার চেষ্টা করলে গ্রাহক তাৎক্ষণিকভাবে তথ্য পেয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন। ফলে ব্যাংকের জালজালিয়াতির ঝুঁকি হ্রাস পাবে/রোধ করা সম্ভব হবে এবং গ্রাহকগণও উপকৃত হবেন। তাছাড়া SMS সেবা গ্রহণকারী রেজিস্টার্ড গ্রাহকগণ SMS Banking সেবার আওতায় SMS Inquiry এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে একাউন্টের স্থিতি (Account Balance) এবং শেষ ৪টি লেনদেনের স্টেটমেন্ট দেখতে পারবেন।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের অনলাইন শাখাসমূহের গ্রাহকদের SMS সার্ভিস সুবিধা প্রবর্তনের বিষয়টি বাস্তবায়ন ও সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত হিসাবায়ন এবং পরিচালন সংক্রান্ত একটি দিক নির্দেশনা নিম্নে উল্লেখ করা হলো ঃ

ক) Transaction Notification (Debit, Credit, Transfer & Balance etc.) সেবা গ্রহন ইচ্ছুক গ্রাহকগণকে SMS নোটিফিকেশন পাওয়ার জন্য নির্ধারিত ফরমে (সংযুক্ত) সংশ্লিষ্ট শাখায় আবেদন বা রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন ফরম সংশ্লিষ্ট শাখা থেকে বিনা মূল্যে সরবরাহ করতে হবে। রেজিস্ট্রেশন ফরমের সকল তথ্য সংশ্লিষ্ট শাখা কর্তৃক CBS Software এ এন্ট্রি দিতে হবে ।

খ) অত্র ব্যাংকের Core Banking Solution (CBS) এর আওতায় পরিচালিত শাখাসমূহের রেজিস্টার্ড গ্রাহকগণকে আমানত হিসাব (সঞ্চয়ী, চলতি এবং এস,এন.ডি) ও সিসি একাউন্ট এর লেনদেন (Debit, Credit, Transfer & Balance etc), ATM লেনদেন এবং POS (Point of Sale) লেনদেনের তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে Text Message আকারে অবহিত করা হবে। গ্রাহকগণ শুধুমাত্র তাদের নামে নিবন্ধনকৃত মোবাইল নম্বর ব্যবহার করবেন। একজন গ্রাহককে শুধুমাত্র একটি মোবাইল নম্বরই ব্যবহার করার সুযোগ দেয়া হবে।

গ) SMS সেবা গ্রহনকারী গ্রাহকদের হিসাব হতে SMS Service প্রদানের জন্য SMS চার্জ হিসেবে Half Yearly ভিত্তিতে ৫০/- টাকা + ভ্যাট কর্তন করা হবে।

ঘ) গ্রাহকগণ যে সকল হিসাবের Transaction Notification পেতে ইচ্ছুক সে সকল হিসাব সমুহ হতে SMS Transaction Notification চার্জ কর্তন করা হবে।

ঙ) হিসাবের স্থিতি মাসিক ভিত্তিতে SMS সেবা গ্রহণকারী রেজিস্টার্ড গ্রাহকগণকে জানিয়ে দেয়া হবে।

চ) Transaction Notification সেবা বন্ধ করতে হলে গ্রাহকগনকে সংশ্লিষ্ট শাখা প্রধান বরাবর লিখিত আবেদন করতে হবে।

ছ) SMS Banking সেবার Balance Inquiry, Mini Statement এর ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব থেকে ৩/- + ভ্যাট হারে চার্জ কর্তন করা হবে। প্রতিটি SMS Inquiry এর ক্ষেত্রে গ্রাহকের হিসাব থেকে তাৎক্ষণিকভাবে সার্ভিস চার্জ কর্তন করা হবে । মোবাইল ফোনের Screen এর আয়তন ছোট হওয়ায় লেনদেন সংক্রান্ত তথ্যের ৪ লাইনের বেশী Message পূর্ণাঙ্গভাবে Visualize হয় না। তাই অত্র ব্যাংকের CBS ভুক্ত সকল শাখার SMS সেবা গ্রহণকারী রেজিস্টার্ড গ্রাহকগণ SMS Banking সেবার আওতায় একাউন্টের স্থিতি (Account Balance) সংক্রান্ত তথ্যের শেষ ৪টি লেনদেনের স্টেটমেন্ট Inquiry এর মাধ্যমে জানতে পারবেন।

জ) বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেও উপরোল্লিখিত সকল চার্জ প্রযোজ্য হবে।

০৩। **SMS সেবা সংক্রান্ত প্রস্তাবিত চার্জের হিসাবায়ন পদ্ধতি ঃ**

SMS সেবা গ্রহণকারী গ্রাহকগণের একাউন্ট থেকে Transaction Notification চার্জসহ SMS Banking সেবার আওতায় Balance Inquiry/Mini Statement এর জন্য ধার্যকৃত সার্ভিস চার্জ কেন্দ্রীয়ভাবে Auto-Generated পদ্ধতিতে কর্তন করা হবে। যার হিসাবায়ন নিম্নরুপ ঃ

ক) **Transaction Notification Charge (Half Yearly)**

| Branch | | | HO-ATM Section (0102) | | |
|---|---|---|---|---|---|
| DR | | CR | DR | CR | |
| Amount | Particulars | | | Particulars | Amount |
| 58.00 | 21- Current Account /22- Savings Account /213- SND Account /1014- CC Account (Registered account for SMS service) | 1110 (IBTA) | 1110 (IBTA) | 46/05S. (SMS Charge) | 50.00 |
| | | | | 41/10G.(Accounts Payable) Misc. VAT Account | 8.00 |
| 58.00 | | | | | 58.00 |

খ) **SMS Banking Charge (Per Inquiry)**

| Branch | | | HO-ATM Section (0102) | | |
|---|---|---|---|---|---|
| DR | | CR | DR | CR | |
| 3.45 | 21- Current Account /22- Savings Account /213- SND Account /1014- CC Account (Registered account for SMS service) | 1110 (IBTA) | 1110 (IBTA) | 46/05S. (SMS Charge) | 3.00 |
| | | | | 41/10G.(Accounts Payable) Misc. VAT Account | 0.45 |
| 3.45 | | | | | 3.45 |

০৪। শাখার সকল গ্রাহককে উক্ত সেবা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে এবং তৎপ্রেক্ষিতে শাখার দর্শনীয় স্থানে সেবা সংক্রান্ত নোটিশ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

22/8/18

(মোঃ খাজামুদ্দীন তালুকদার)
মহাব্যবস্থাপক
আইসিটি মহাবিভাগ

প্রকা/আইসিটি(সিস্টেমস্)/SMS Banking/২০১৭-২০১৮/১১৩৮

তারিখ ঃ ২২/০৪/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিস্যার উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। ব্যবস্থাপক, সকল অনলাইন শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/ মহানথি।

Rashid 22.8.2018
( মোঃ মামুনুর রশীদ )
উপ-মহাব্যবস্থাপক

তারিখ ঃ
বরাবর
বাংলাদেশ কৃষি ব্যাংক
......................... শাখা
............................. ।

বিষয় ঃ ব্যাংকিং লেনদেনের তথ্য SMS এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে পাওয়ার আবেদন।

মহোদয়,

আমি আপনার শাখায় নিম্নলিখিত হিসাব/হিসাবসমূহ পরিচালনা করে আসছি। উক্ত হিসাবে/হিসাবসমূহে যে কোন লেনদেন সংঘটিত হলে নিম্নবর্ণিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে তথ্য অবগত করানোর ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করছি। এ প্রেক্ষিতে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করা হলো। ব্যাংক কর্তৃক ধার্যকৃত SMS Service চার্জ প্রদান এবং এতদ্বিষয়ে গৃহীত সকল নিয়মাবলী মেনে চলার অঙ্গীকার করছি।

| | | | |
|---|---|---|---|
| ০১. | আবেদনকারীর নাম | ঃ | ............................................................ |
| ০২. | হিসাব নম্বর (১৩/১৫ সংখ্যা) | ঃ | (১)........................................................ |
| | | | (২)........................................................ |
| ০৩. | মোবাইল নম্বর (নিজ নামে নিবন্ধিত SIM) | ঃ | ............................................................ |

এই মর্মে প্রত্যয়ন করছি যে, উপরে প্রদত্ত সকল তথ্যাদি সঠিক আছে এবং প্রদত্ত তথ্যাদির কোন গড়মিল পাওয়া গেলে তার দায়ভার আমার উপর বর্তাবে।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর ঃ ........................................

নাম ঃ ........................................

..........................................................................................................................................................

শাখা কর্তৃক পূরণীয়

Name, Account Number, Signature Verified

**Seal and Signature of Authorized Officer**

**Seal and Signature of Manager**